মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে দুই ব্যবসা প্রতিষ্ঠানের জরিমানা

মেহেরপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এক অভিযানে সদর উপজেলার কাথুলি রোড এলাকায় দুটি প্রতিষ্ঠানের মালিককে মোট ১৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

বুধবার (১১ অক্টোবর) জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক, নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিমের সহায়তায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এই অভিযান পরিচালনা করেন।

অভিযানে মুদি দোকান ও মশলা, চাউলের আড়তসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। মেসার্স আল মামুন স্টোর নামক প্রতিষ্ঠানে মশলাসহ অন্যান্য পণ্যের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করা ও পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৪৫ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয় এবং মেসার্স বেল্টু চাউল ভান্ডারে পুর্বে সতর্ক করা সত্ত্বেও বিভিন্ন প্রকার চাউলের মুল্যতালিকা প্রদর্শন না করা ও ক্রয়- বিক্রয়ের ভাউচার সংরক্ষণ না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিককে ৩৮ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় সবাইকে ভোক্তা অধিকার বিরোধী কাজ থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়।

এসময় উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় ভেজাল গো খাদ্য বিক্রয়ে দোকান মালিককে জরিমানা

আলমডাঙ্গার হাউসপুর ভেজা পশু খাদ্য বিক্রয়ের অভিযোগে এক দোকান মালিককে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার বিকেলে উপজেলার ডাউকি ইউনিয়নের হাউসপুর ব্রিজ সংলগ্নে উপজেলা সহকারী কমিশনার (ভুমি) রেজওয়ানা নাহিদ এ আদালত পরিচালনা করেন।

আদালত সূত্রে জানাগেছে, উপজেলা হাউসপুর ব্রিজ সংলগ্নে মুন্সী টেডার্স নামক একটি দোকানে ভেজাল গো খাদ্য বিক্রয়ের অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে রবিবার বিকেলে উপজেলা সহকারী কমিশনার ভূমি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। ওই দোকান মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেন। এছাড়াও ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রাণীসম্পদ অফিসের ডাঃ মুস্তাকিম মুকুট ও থানা পুলিশের একটি টিম।

চুয়াডাঙ্গায় ভোক্তা অধিকারের অভিযানে ৫০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ভাই ভাই ফুচকা হাউজে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ এর নেতৃত্ব এই অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে চুয়াডাঙ্গা ভাই ভাই ফুচকা হাউজে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি, বাসি খাবার খাওয়ানো ও স্বাস্থ্যবিধি অমান্য করাসহ

নানা অপরাধে শহরের ভাই ভাই ফুচকা হাউজকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। আজ বৃহস্পতিবার দুপুরে শহরের কবরী রোডে অবস্থিত ওই প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়।

অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, পূর্বে সতর্ক করা সত্বেও ভাই ভাই ফুচকা হাউজ কর্তৃপক্ষ অস্বাস্থ্যকরভাবে বিভিন্ন খাবার তৈরি, একই ফ্রিজের কাচা মাংসের সাথে প্রস্তুতকৃত খাবার সংরক্ষণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য ব্যবহার, আগের বাসি খাবার ফ্রিজে সংরক্ষণ করে পুনরায় খাওয়ানো, আগের দিনের পোড়াতেল ব্যবহার, উৎপাদন ও মেয়াদ তারিখবিহীন বিভিন্ন খাবার সংরক্ষণ, রান্নাঘরের অস্বাস্থ্যকর পরিবেশ, কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানাসহ বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক ওহিদুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এ সময় বাসি খাবার ও পোড়াতেল নষ্ট করা হয়।

জীবননগরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে জরিমানা

জীবননগরে আলো ডায়াগনস্টিক সেন্টারে বিভিন্ন অনিয়মের অভিযোগে ভ্রাম্যমাণ আদালতের অভিযান,চালিয়ে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

এ ভ্রাম্যমান অভিযান পরিচালনা করেন জীবননগর সহকারী কমিশনার (ভুমি) তিথি মিত্র। এ সময় তিনি বলেন,ফ্রি রোগী দেখার নাম করে সাদা কাগজে প্রেসক্রিপশন করে রোগীদের কাছ থেকে হাতিয়ে নেন মোটা অংকের টাকা বিভিন্ন সিন্ডিকেট এর মাধ্যমে তিনি এই কাজ করেন।

কিন্তু রাশেদ চেম্বার করার কথা থাকলেও অভিযানের কৌশলে তিনি সটকে পড়েন। কনসালটেন্সি সেন্টারের নাম করে নিবন্ধন নিলেও প্রতিদিন বসেনা কোন কনসাল্টেন্ট। কনসালটেন্ট সেজে দিনের পর দিন সাদা কাগজের প্রেসক্রিপশন।কনসালটেন্টের চেয়ারে বসে রাশেদ নিজেই। কিন্তু আজ অভিযান পরিচালনার সময় পাওয়া যায়নি ডি এম এফ ডাক্টার রাশেদ। এটাও এক প্রকার প্রতারণার শামিল বলে ধরনা করছে সাধারন

রোগিরা।

এ অভিযানে সহযোগীতা করেন জীবননগর স্বাস্থ্য কমপ্লেক্সের আর এম ও মুস্তাফিজুর রহমান সুজন, সেনেটারী ইনস্পেকটর আনিসুর রহমান, ভূমি অফিসের কর্মকর্তা সহ জীবননগর থানা পুলিশের একটি টিম।

গাংনীতে ভোক্তা অধিকারের অভিযান, ২২ হাজার টাকা জরিমানা

নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ ও মেয়াদ মুল্য বিহীন পন্য বিক্রয়ের অপরাধে দুটি দোকানে ২২ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমান অভিযান।

অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এসময় জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান এবং গাংনী র্যাব-১২ এর একটি টিম উপস্থিত ছিলো।

আজ বুধবার (২০ সেপ্টেম্বর) বিকালে গাংনী উপজেলা শহরের সবজি বাজার ও থানার মোড় এলাকায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয় এই অভিযান পরিচালিত হয়।

অভিযানে মেসার্স বন্ধু সবজি ভান্ডারে মুল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪৫ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ ও মেয়াদ মুল্য বিহীন পন্য বিক্রয়ের অপরাধে গাংনী থানার মোড় এলাকার মেসার্স ভাই ভাই স্টোরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৫১ ধারায় প্রতিষ্ঠানটির মালিককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া দোকান থেকে প্রচুর পরিমান মেয়াদ উত্তীর্ণ চকলেট, শিশুখাদ্য ও

অন্যান্য পণ্য জব্দ করা হয়। জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ পণ্য জনসম্মুখে পুড়িয়ে নষ্ট করা হয়।

এসময় উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

এছাড়া গাংনী কাঁচামালের আড়তে অভিযান পরিচালিত হয় এবং আলু পেয়াজসহ অন্যান্য পণ্যের মুল্যতালিকা ও ক্রয়-বিক্রয় ভাউচার যাচাই করা হয়। অভিযানে আলু, পেয়াজ, মুদিখানাসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

কার্পাসডাঙ্গায় ফার্মেসী মালিককে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

দামুডহুদার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা সংরক্ষন অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা শাখা অভিযান চালিয়ে মেসার্স উষধ বিতান ফার্মেসীর মালিক ইমদাদুল হককে ৫০হাজার টাকা জরিমানা আদায় করেছে।

ভ্রাম্যমান আদালত সুত্রে জানাগেছে মেয়াদউত্তীর্ন উষধ, বিক্রয় নিষিদ্ধ ফিসিসিয়ান সেম্পুল ও প্যাকেটে ডেট আছে উষুধের ডেট নেই এসব রদবদল করায় ভোক্তা সংরক্ষন আইন ২০০৯ এর ৪৫ও ৫১ধারায় ৫০হাজার টাকা জরিমানা আদায় করেন।

আজ মঙ্গলবার দুপুর একটার দিকে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা সংরক্ষন অভিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন ও মেয়াদউত্তীর্ন উষধ গুলো আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল সহ অন্যন্যা সদস্যবৃন্দ। আইন শৃংখলার দ্বায়িত্বে নিয়োজিত ছিলেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসআই ইমরান হোসেনের নেতৃত্বে একটি চৌকশ দল।

জীবননগরে ২ প্রতিষ্ঠানকে ৬৫ হাজার টাকা জরিমানা

জীবননগরে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযোগ দুই জ্বালানী গ্যাস বিক্রেতাকে জরিমানা করেছে। আজ শনিবার জীবননগর বাজারের মেসার্স মিনহাজ মেশিনারী কে ১৫ হাজার টাকা এবং জীবননগর গ্যাস হাউজ কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

জানা গেছে , চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহাম্মেদ জীবননগর বাজার পরিদর্শনে আসেন। পরিদর্শনকালে জীবননগর বাজারের উপজেলা পরিষদ রোডের পাশের্ ^ অবস্থিত মেসার্স মিনহাজ ট্রেডার্স ও জীবননগর -চুয়াডাঙ্গা সড়কের পাশের্ ^ অবস্থিত মেসার্স জীবননগর গ্যাস হাউজে গ্যাস বিক্রির কোন রশিদ ও তালিকা মূল্য প্রদর্শন না করার অপরাধে মেসার্স মিনাহজ ট্রোর্ডের মালিক মতিয়ার রহমানকে ১৫ হাজার টাকা ও জীবননগর গ্যাস হাউজের মালিক ইকবাল উদ্দীন একরামকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে বিক্রয়ের রশিদ প্রদান করা ও মূল্য তালিকা প্রদর্শনের জন্য নির্দেশ প্রদান করা হয়।

এছাড়াও জীবননগর কাচা বাজারে পরিদর্শন কালে আলু , পেয়াজ, ডিমসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্য তদারকি কালে ক্রয় -বিক্রয় ভাউচার সংরক্ষণ ও সরকার নির্ধারিত মুল্যে মালামাল বিক্রয়ের জন্য বলা হয় ও সতর্কীকরণ মুলক লিফলেট বিতরণ করা হয়।

ভোক্তার অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে সহযোগীতা করেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানিটারী ইন্সপেক্টর আনিসুর রহমান ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ ও সহকারী ভূমি কমিশনার তিথি মিত্র জীবননগর বাজার পরিদর্শনে যান এবং কাচা বাজারসহ নিত্য পন্যের বিভিন্ন দোকানে সরকার নির্ধারিত মূল্যে পণ্য বিক্রিসহ মুল্য তালিকা প্রদর্শনের জন্য নির্দেশ প্রদান করেন।

আলমডাঙ্গায় ফিরোজা ক্লিনিকে ভ্রাম্যমাণ আদালত;১০ হাজার টাকা জরিমানা

চিকিৎসা সেবার নামে প্রতারণা করার অভিযোগে আলমডাঙ্গা পৌর শহরের হাউসপুরে অবস্থিত ফিরোজা ক্লিনিকে অভিযান করেছে ভ্রাম্যমাণ আদালত। অভিযানে ওই ক্লিনিক মালিককে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আদালত সূত্রে জানাজায়, পৌর এলাকার হাউসপুর এলাকায় অবস্থিত ফিরোজা ক্লিনিকে লাইসেন্স বিহীন, নোংরা পরিবেশ ও অনুমোদন না পেয়েও ক্লিনিকে রোগী ভর্তি করে চিকিৎসা সেবার নামে সাধারণ মানুষের সাথে প্রতারণার অভিযোগ ওঠে। এমতাবস্থায় উপজেলা সহকারী কমিশনার ভূমি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এছাড়াও দ্বিতলায় অপরিকল্পিত বেড ও রান্নাঘরের অস্তিত্বও পায়।

এঘটনায় উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ ওই ক্লিনিকের ম্যানেজার আবুল কালাম আজাদকে ১০ হাজার টাকা জরিমানা করেন। এছাড়াও বিভিন্ন নির্দেশনা দেন ওই কর্মকর্তা।

দর্শনায় ২ টি ফার্মেন্সীতে ১০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দর্শনায় ভোক্তা অধিকার অভিযানে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ও পন্যের গায়ে রেট না থাকার কারনে ২ টি

ফার্মেন্সীতে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর।

আজ মঙ্গলবার (১২ সেষ্টম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহমেদ অভিযান চালায় দর্শনা রেল বাজার আলো ফার্মেন্সী ও আবিদ ফার্মেসিতে।

এ সময় ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহম্মেদ, আলো ফার্মেন্সীতে বিভিন্ন প্রকার ঔষধের প্যাকেটে মেয়াদ না থাকা ও ফিজিসিয়ান স্যাপুল বিক্রয়ের অপরাধে দোকানের মালিক আলাউদ্দিন ইউসুফ আলোকে ৭ হাজার টাকা জরিমানা আদায় করে। পরে আবিদ ফার্মেন্সীতে অভিযান চালিয়ে একই অপরাধে দোকান মালিক সাহাবুর রহমানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ধারা মোতাবেক ৩ হাজার টাকা জরিমানা করে। পরে দজনের সতর্ক করে বলেন ঔষধের দাম বেশি নেওয়া যাবেনা। মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখা যাবে না এবং ফিজিসিয়ান স্যাপুল বিক্রয় করা যাবে না।

এ অভিযানে দর্শনা থানার এ এস আই সানোয়ার অংশ নেয়।

গাংনীতে ৩ টি দোকানে ১৫ হাজার টাকা জরিমানা

নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ, মুল্যবিহীন পন্য বিক্রী ও মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রয় করার অপরাধে তিনটি দোকানে অভিযান চালিয়ে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (৫ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক গাংনী উপজেলার বাশঁবাড়ীয়া ও চিৎলা বাজার এলাকায় অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

পূর্বে সতর্ক করার পরেও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ ও মেয়াদ মুল্য বিহীন পন্য বিক্রীর অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় চিৎলা বাজারে মেসার্স মিন্টু স্টোর নামক প্রতিষ্ঠানে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া একই বাজারের মেসার্স আনারুল স্টোরকে ২০০৯ সালের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ও ৩৮ ধারায় ২ হাজার টাকা এবং সারের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রীর করার অপরাধে একই আইনের ৩৮ ও ৫১ ধারায় মেসার্স আসিফ এন্টারপ্রাইজ নামক সার-কীটনাশক বিক্রয় প্রতিষ্ঠানকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় এই দোকান থেকে বেশ কিছু খাদ্যপণ্য ও সার জব্দ করা হয়। পরে জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ পণ্য জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়। এসময় জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম উপস্থিত ছিলেন।